**RBI/ 2006-07/ 171**
Ref. No. DGBA.CDD. No. H- **7667** / 15.15.001 / 2006-07

নভেম্বর ১০, ২০০৬

জেনারেল ম্যানেজার
সরকার অ্যাকাউন্ট বিভাগ, সদর কার্যালয়
স্টেট ব্যাংক অব ইণ্ডিয়া /স্টেট ব্যাংক অব ইন্দোর/স্টেট ব্যাংক অব পাটিয়ালা/
স্টেট ব্যাংক অব বিকানির এবং জয়পুর/ স্টেট ব্যাংক অব সৌরাষ্ট্র/ স্টেট ব্যাংক অব ত্রাভাঙ্কোর/
স্টেট ব্যাংক অব হায়দ্রাবাদ/ স্টেট ব্যাংক অব মাইশোর/ এলাহাবাদ ব্যাংক/ ব্যাংক অব বরোদা /
ব্যাংক অব ইণ্ডিয়া/ ব্যাংক অব মহারাষ্ট্র / কানাড়া ব্যাংক/ সেন্ট্রাল ব্যাংক অব ইণ্ডিয়া /
করপোরেশান ব্যাংক / দেনা ব্যাংক / ইণ্ডিয়ান ব্যাংক / ইণ্ডিয়ান ওভারসীজ ব্যাংক /
পাঞ্জাব ন্যাশানাল ব্যাংক / সিন্ডিকেট ব্যাংক/ ইউকো ব্যাংক /
ইউনিয়ান ব্যাংক অব ইণ্ডিয়া / ইউনাইটেড ব্যাংক অব ইণ্ডিয়া/
আই সি আই সি আই ব্যাংক লিঃ / বিজয়া ব্যাংক

মাননীয় মহাশয়,

**বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প,২০০৪-য়ে সুদের উপর উৎসমূলে কর**
**ব্যাংকের 15H এবং 15G নং ফর্ম গ্রহণে অসম্মতি**

আমাদের ২৮শে জুন ২০০৬ তারিখের বিজ্ঞপ্তি নং RBI/ 2005-06/ 431 Ref. No. DGBA.CDD.N0. H-20692/15.15.001/ 2005-06 দেখুন যার সংগে বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প,২০০৪-য়ের উপর উৎসমূলে কর-সম্পর্কে কিছু ব্যাখ্যা পাঠানো হয়েছে।

২। আমরা ভারত সরকারের বিত্ত মন্ত্রালয়, নতুন দিল্লি হতে চিঠি পেয়েছি তাতে ইঙ্গিত দেওয়া হয়েছে যে তারা এখনও এজেন্সী ব্যাংক দ্বারা 15H এবং 15G নং ফর্ম গ্রহণে অসম্মতি সংক্রান্ত অভিযোগ/অনুযোগ পাচ্ছে এবং আমানতকারী এই ফর্ম নথিভুক্ত করা বা জমা দেওয়া সত্ত্বেও কর কেটে নেওয়া হচ্ছে।

৩। আমরা তাই আবার বলছি যে ব্যাংকগুলি যেন আমানতকারীর আয়ের উত্স হতে আয়কর না কাটেন যেখানে আমানতকারী ১৫এইচ এবং ১৫জি নং ফর্ম নথিভুক্ত করেন অথবা ১৯৬১ সালের আয়কর আইনের ১৯৭ (১) অনুচ্ছেদ অনুযায়ী সার্টিফিকেট দেন, যেমন প্রয়োজন, এবং ২৩ জুন ২০০৬-এর ভারত সরকারের অফিস মেমোরেন্ডাম নং 2/8/2005-NS-II অনুযায়ী, যার অনুলিপি আপনাদের কাছে আগেই পাঠিয়ে দেওয়াহয়েছে।

৪। এই সার্কুলারের বিষয়বস্তু অবগতি ও পালনের জন্যে আপনাদের নির্ধারিত শাখায় পাঠিয়ে দেবেন।

৫। দয়া করে প্রাপ্তি স্বীকার করুন।

ইতি ভবদীয়

(বি বি সাংমা)
জেনারেল ম্যানেজার